গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড,বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৪.০০০০.০২৮.০৬.০০১.২৬- 8৮0 তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ / 02 জুলাই ২০২৬

বিষয়ঃ **জৈব নমুনায় মাদকদ্রব্য শনাক্তকরণ পরীক্ষা (ডোপটেস্ট) বিধিমালা, ২০২৬ কঠোরভাবে বাস্তবায়ন এবং কর্মচারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।**

সূত্রঃ কারা অধিদপ্তরের পত্র সংখ্যা-৪৪.০৪.০০০০.০২৮.০৬.০০১.২৬-৬১ তারিখঃ ২১.০১.২০২৬;

উপর্যুক্ত বিষয়ে কারা অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় দপ্তর ও কারাগার সমূহে কর্মরত সকল পর্যায়ের কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারা বিভাগকে মাদকমুক্ত এবং শৃঙ্খলা বাহিনী হিসেবে ভাবমূর্তি অক্ষুণ্ন রাখতে বর্তমান প্রশাসন বদ্ধপরিকর। সরকার কর্তৃক জারীকৃত **"জৈব নমুনায় মাদকদ্রব্য শনাক্তকরণ পরীক্ষা (ডোপটেস্ট) বিধিমালা, ২০২৬"** এর আলোকে আওতাধীন বিভাগীয় দপ্তর ও কারাগার সমূহে কর্মরত কর্মচারীদের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

২.১। **বাধ্যতামূলক ডোপটেস্টঃ**

(i) কারা অধিদপ্তরে চাকরিতে নবযোগদানের ক্ষেত্রে ডোপটেস্ট ফলাফল নেতিবাচক (Negative) রিপোর্ট বাধ্যতামূলক।

(ii) বর্তমানে চাকরিরত কোন কর্মচারীর বিরুদ্ধে প্রাথমিকভাবে মাদক গ্রহণ করেছেন মর্মে সন্দেহ হলে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগকারী বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাকে ডোপটেস্টে প্রেরণ করবে।

(iii) কোন কর্মচারীকে তার নিয়োগকারী বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ডোপটেস্ট করার জন্য নির্দেশনা প্রদান করলে তাকে আব্যশিকভাবে ডোপটেস্ট করতে হবে। কেউ যদি ডোপটেস্ট করতে অসম্মতি জানায় অথবা ডোপটেস্টের জন্য কর্মমুক্ত হয়ে সেখানে হাজির না হয় বা পলায়ন করে তাহলে সংশ্লিষ্ট কর্মচারী সূত্রস্থ স্মারক মূলে জারীকৃত নীতিমালা অনুযায়ী 'পলায়ন' এর দায়ে অভিযুক্ত হবে এবং তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.২। **ডোপটেস্ট ফলাফল 'পজিটিভ'(Positive) আসলে করণীয়ঃ**

(i) নবযোগদানকৃত কর্মচারীর ডোপটেস্ট ফলাফল 'পজিটিভ'(Positive) এবং মাদকাসক্ত ঘোষিত হলে সংশ্লিষ্ট ব্যক্তি চাকরিতে নিয়োগের অযোগ্য বলে গণ্য হবে।

(ii) চাকরিরত কোন কর্মচারীর ডোপটেস্ট ফলাফল 'পজিটিভ'(Positive) হলে তিনি "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এবং "কারা বিধি" অনুযায়ী গুরুতর **'অসদাচরণ'** (Misconduct) দায়ে অভিযুক্ত হবে এবং অপরাধের মাত্রা অনুযায়ী বিধি মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু পূর্বক দ্রুত নিষ্পত্তি করতে হবে।

(iii) মাদকাসক্ত হিসেবে ঘোষিত কর্মচারীকে কারা অধিদপ্তরের অনুমতিতে নিয়োগকারী কর্তৃপক্ষ বা নিয়ন্ত্রণকারী, সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পুনর্বাসন কেন্দ্রে চিকিৎসা গ্রহণের নির্দেশ দিতে পারবে। কোন কর্মচারী নির্দেশিত চিকিৎসা বা পুনর্বাসন কার্যক্রমে অংশ নিতে অস্বীকৃতি বা অবহেলা করলে; তা আলাদা একটি শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

০৩। বিষয়টির গুরুত্ব বিবেচনায় রোলকল, দরবারে বারংবার পড়ে সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/০৭/২৬
সৈয়দ মোঃ মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।
ig@prison.gov.bd

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১. কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর/কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
২. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৪. জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, নাজিমউদ্দিন রোড়, ঢাকা;
৫. জেলার, অপারেশন/সদর দপ্তর সংস্থাপন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
৭. শাখা প্রধান (সকল শাখা), কারা অধিদপ্তর, ঢাকা;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক(সকল)/কারা উপ মহাপরিদর্শক (সঃদঃ) এঁর ব্যক্তিগত সহকারী। কর্মকর্তাগণের সদয় অবগতির জন্য।
৯. অফিস কপি।